

সভার কার্য বিবরণী
তারিখঃ ০৮/০৮/২০১৯, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা, স্থানঃ ইউপি সভা কক্ষ
উপস্থিত সদস্যদের নাম মন্তব্য ও স্বাক্ষরঃ-

ক্রমিক নং	নাম	পদবি	কমিটির পদবি	স্বাক্ষর
১.	জনাব খাদেমুল ইসলাম	ইউ,পি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব রাশিদা বেগম	ইউ,পি সদস্যা	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মরিয়ম বেগম	ইউ,পি সদস্যা	সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব সেলিনা বেগম	ইউ,পি সদস্যা	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব জহিরুল হক এবাদ	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব ইসাহাক	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব জালাল উদ্দিন	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মাজারুল ইসলাম	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
৯.	জনাব আলী হোসেন	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১০.	জনাব আমির হোসেন	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১১.	জনাব হকুল মিয়া	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১২.	জনাব আ: করিম	ইউ,পি সদস্য	সদস্য	স্বাক্ষরিত

অদ্য জনাব খাদেমুল ইসলাম চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রথমেই গত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানো হয়। সভায় ইহা গৃহীত ও অনুমোদিত হয়। ৩ নং আলোচ্য বিষয়ে সভাপতি সাহেব সভাকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বৎসরের লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এল,জি,এস,পি-৩) প্রকল্পের এর আওতায় দক্ষতা ভিত্তিক (পিবিজি) বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০১৯-২০২০ ইং অর্থ বছরের স্কিম বাস্তবায়নের নির্মিত্তে প্রতিটি ওয়ার্ড হইতে ওয়ার্ড উন্মুক্ত সভার মাধ্যমে বাছাইকৃত স্কিম সমূহ হইতে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য স্কিমের তালিকা বাছাই করা প্রয়োজন। সভায় উপরোক্ত দক্ষতা ভিত্তিক (পিবিজি) বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য স্কিম তালিকা বাছাই কল্পে বিস্তারিত আলোচনা করিয়া নিম্ন লিখিত স্কিম সমূহ বাস্তবায়ন করার সিদ্ধান্ত উপস্থিত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

প্রকল্প সমূহ নিম্নরূপ: দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি)

ক্র: নং	প্রকল্পের নাম	ওয়ার্ড	ধরণ	সম্ভাব্য বরাদ্দের পরিমাণ
০১	নুরালাপুর সাকিব সুপার মার্কেট ব্রহ্মপুত্র নদ পর্যন্ত পাইপ ড্রেজ নির্মাণ(২য় অংশ)।	০১	পয়নিষ্কাশন ও বর্জ্য ব্যবস্থাপনা	৩,০৪,২৪১/-
০২	রাইনাদি যুগির টেক ঢাকা সিলেট মহাসড়ক হইতে যুগির টেক হইয়া রাইনাদী সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তায় সিসি ঢালাইকরণ (২য় অংশ)।	০৯	যোগাযোগ	২,০০,০০০/-
০৩	কান্দাপাড়া ফারুকের বাড়ি হইতে মোক্তার হাজীর বাড়ি রাস্তায় ইটা বিছানো।	০৮	যোগাযোগ	২,০০,০০০/-

মোট= ৭,০৪,২৪১/-

অতপর উক্ত বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানাইয়া সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

সভাপতি
স্বাক্ষরিত

